অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/13/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ব্রুকলিনের 1024 FULTON STREET-এ অবস্থিত স্টেট-মালিকানাধীন স্থানটিকে 125-ইউনিটের সাশ্রয়ী মূল্যের আবাসন প্রকল্পে রূপান্তর করতে অলাভজনক পার্টনারশিপ নির্বাচনের ঘোষণা দিয়েছেন

এই ডেভেলপমেন্টের মাধ্যমে ক্লিনটন হিলের অব্যবহৃত স্টেট-মালিকানাধীন সাইটটি 125টি সাশ্রয়ী মূল্যের বাড়ি এবং 28,000-বর্গফুটের একটি আন্তঃপ্রজন্মীয় কমিউনিটি সেন্টার ও স্বাস্থ্য ক্লিনিকে রূপান্তরিত হবে

100 ভাগ অলাভজনক সংস্থার মালিকানাধীন এই প্রকল্পটি ব্যাপক জনসম্পৃক্ততা প্রক্রিয়ার মাধ্যমে চিহ্নিত কমিউনিটির অগ্রাধিকারগুলোর প্রতি সরাসরি সাড়া প্রদান করে

এটি আবাসন সংকট মোকাবিলা এবং আবাসন সরবরাহ বৃদ্ধির জন্য স্টেট-মালিকানাধীন জমি ব্যবহারের বিষয়ে গভর্নর হোকলের প্রতিশ্রুতির একটি অংশ

রেন্ডারিং পাওয়া যাবে এখানে

ব্রুকলিনের ক্লিনটন হিল নেইবারহুডের 1024 Fulton Street-এ অবস্থিত স্টেট-মালিকানাধীন জমিকে মিশ্র-ব্যবহার্য, 100 ভাগ সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পে পরিণত করার লক্ষ্যে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ একটি অলাভজনক ডেভেলপমেন্ট পার্টনারশিপ নির্বাচনের ঘোষণা দিয়েছেন। প্রতিযোগিতামূলক প্রক্রিয়ার মাধ্যমে বাছাইকৃত এই প্রকল্পটি এমন একটি স্থানে 125টি স্থায়ী সাশ্রয়ী আবাস এবং 28,000-বর্গফুটের আন্তঃপ্রজন্ম কমিউনিটি সেন্টার ও হেলথ ক্লিনিক বানাবে যা কিনা দীর্ঘ কয়েক দশক ধরে অব্যবহৃত অবস্থায় পড়ে ছিল।

"নিউ ইয়র্ক প্রমাণ করছে যে, আমরা যখন স্টেট-মালিকানাধীন জমিকে কাজে লাগাই এবং স্থানীয় কমিউনিটির কথা শুনি, তখন আমরা আমাদের পাড়া-মহল্লা এবং স্টেটের জন্য প্রয়োজনীয় সাশ্রয়ী আবাসন তৈরি করতে পারি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই ডেভেলপমেন্টটি 125টি সাশ্রয়ী আবাস এবং বিশেষ উদ্দেশ্যে নির্মিত একটি কমিউনিটি সেন্টার প্রদান করবে যা ক্লিনটন হিলের বাসিন্দাদের চাহিদার প্রতি সরাসরি সাড়া দেবে — যার মধ্যে রয়েছে বিভিন্ন ধরনের পরিবার ও গৃহস্থালির জন্য আবাসন, বয়োজ্যেষ্ঠ ও শিশুদের জন্য পরিষেবা এবং এলাকায় যথাযথভাবে স্বাস্থ্যসেবা প্রাপ্তি। এটি কমিউনিটি-পরিচালিত ডেভেলপমেন্টের একটি সর্বোৎকৃষ্ট উদাহরণ এবং আমাদের আবাসন সংকট মোকাবিলার জন্য ঠিক এই ধরনের বিনিয়োগই প্রয়োজন।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) প্রেসিডেন্ট, CEO এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "স্থানীয় কমিউনিটির সাথে দীর্ঘ আলোচনার পর এই যুগান্তকারী প্রকল্পটি এগিয়ে নিতে পেরে এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট গর্ববোধ করছে, কারণ সেই আলোচনাই এই প্রস্তাবনার প্রতিটি দিককে সুবিন্যস্ত করেছে। ব্রুকলিনে ভালো কাজের সুনাম রয়েছে এমন একটি 100 ভাগ অলাভজনক ডেভেলপমেন্ট টিমকে বেছে নেওয়ার মাধ্যমে আমরা নিশ্চিত করছি যে, এই সাইটটি ভবিষ্যৎ প্রজন্মকেও পরিষেবা দেবে। 1024 Fulton Street-এর এই পুনঃউন্নয়ন প্রকল্পটি প্রমাণ করে যে, স্টেটের বিনিয়োগের মাধ্যমে কিভাবে সাশ্রয়ী আবাসন, জরুরি পরিষেবা নিশ্চিত করা যায় এবং একটি এলাকাকে সামাজিকভাবে শক্তিশালী করে তোলা যায়।"

নিউ ইয়র্ক স্টেটের হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) কমিশনার RuthAnne Visnauskas (রূথ অ্যান ভিসনাউকাস) বলেন, "গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে নিউ ইয়র্ক 1024 Fulton-এর মতো এমন সব উন্নয়নমূলক কাজ এগিয়ে নিয়ে যাচ্ছে যা কেবল সাশ্রয়ী মূল্যের আবাসনই নিশ্চিত করে না, বরং এমন পরিষেবা ও স্থান প্রদান করে যা একটি এলাকাকে সমৃদ্ধ করতে সাহায্য করে। এই পরিবর্তনকামী প্রকল্পটি 125টি পরিবারের জন্য আবাসন নিশ্চিত করবে, প্রবীণ ও শিশুদের সহায়তা করবে এবং আগামী কয়েক প্রজন্ম ধরে ক্লিনটন হিল এই সাইট থেকে উপকৃত হবে তা নিশ্চিত করবে। এই কাজটিকে বাস্তবে রূপ দিতে সাহায্যকারী কমিউনিটির সকল পার্টনারদেরকে জানাই অভিনন্দন।"

নিউ ইয়র্ক সিটির মেয়র Zohran Kwame Mamdani (জোহরান কোয়ামি মামদানি) বলেন, "আবাসন কোনো বিলাসিতা নয় — এটি একটি ন্যায়সঙ্গত এবং প্রাণবন্ত সিটির ভিত্তি। প্রকৃত অর্থে সাশ্রয়ী আবাসনের জন্য লড়াই করা মানে মূলত সেইসব কর্মজীবী মানুষের অধিকারের জন্য লড়াই করা যারা প্রজন্মের পর প্রজন্ম ধরে এই এলাকাগুলো গড়ে তুলেছেন এবং টিকিয়ে রেখেছেন। গভর্নরের সমর্থনের জন্য আমি তার প্রতি কৃতজ্ঞ এবং আমি কৃতজ্ঞ অ্যাটর্নি জেনারেল James (জেমস), কাউন্সিল মেম্বার Hudson (হাডসন), সিনেটর Brisport (ব্রিসপোর্ট), অ্যাসেম্বলি মেম্বার Souffrant Forrest (সুফরান ফরেস্ট) এবং প্রত্যেক নির্বাচিত পার্টনারের প্রতি যারা এই প্রকল্পটি সম্ভব করেছেন। সেন্ট্রাল ব্রুকলিনে জনস্বাস্থ্য, কমিউনিটি এবং সাশ্রয়ী আবাসন খাতে এই বিনিয়োগ এটিই প্রমাণ করে যে — আমাদের সিটি এমন একটি এজেন্ডা বাস্তবায়ন করতে সক্ষম যেখানে মুনাফার আগে মানুষের স্থান এবং যা প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য মাথা গোঁজার ঠাঁই নিশ্চিত করে।"

আবাসন ও পরিকল্পনা বিষয়ক ডেপুটি মেয়র Leila Bozorg (লেইলা বোজর্গ) বলেন, "সরকারি-মালিকানাধীন জমিতে সাশ্রয়ী আবাসন তৈরি করা একটি সাশ্রয়ী সিটি গড়ার অন্যতম প্রধান অংশ যেখানে নিউ ইয়র্কবাসীরা স্বাচ্ছন্দ্যে বসবাস করতে পারে। আটলান্টিক অ্যাভিনিউ মিক্সড-ইউজ প্ল্যান (Atlantic Avenue Mixed-Use Plan)-এর ব্যাপক জনসম্পৃক্ততার ওপর ভিত্তি করে এই প্রকল্পটি এগিয়ে যেতে দেখে আমি গর্বিত এবং সেই সকল কমিউনিটি সদস্য ও নির্বাচিত কর্মকর্তাদের প্রতি আমি কৃতজ্ঞ যারা এটিকে বাস্তবে রূপ দিতে দীর্ঘ দিন ধরে প্রচেষ্টা চালিয়েছেন। আগামী বছরগুলোতে সরকারি স্থানগুলোতে আরো বেশি সাশ্রয়ী আবাসন নিশ্চিত করার লক্ষ্যে আমি স্টেট ও সিটির অংশীদারদের সাথে কাজ করার অপেক্ষায় রয়েছি।"

1024 Fulton Street পুনঃউন্নয়ন প্রকল্পটি 111 মিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগের একটি উদ্যোগ এবং এটি অলাভজনক প্রতিষ্ঠান ফিফথ অ্যাভিনিউ কমিটি (Fifth Avenue Committee), বেডফোর্ড স্টুইভেস্যান্ট রিস্টোরেশন কর্পোরেশন (Bedford Stuyvesant Restoration Corporation) এবং ওয়ান ব্রুকলিন হেলথ (One Brooklyn Health)-এর একটি পার্টনারশিপের মাধ্যমে গড়ে উঠবে এবং সম্পূর্ণভাবে তাদের মালিকানাধীন হবে; যাদের প্রত্যেকেরই ব্রুকলিনে দীর্ঘদিনের গভীর সম্পর্ক রয়েছে। ডেভেলপমেন্ট টিমটি সাধারণ ঠিকাদারি পরিষেবা এবং প্রকল্প ব্যবস্থাপনা সংশ্লিষ্ট সক্ষমতা নিশ্চিতের জন্য অ্যাপেক্স বিল্ডিং গ্রুপ (APEX Building Group) এবং হেঞ্জ ডেভেলপমেন্ট (Henge Development)-কে সম্পৃক্ত করবে যারা উভয়ই নিউ ইয়র্ক স্টেট মাইনোরিটি অ্যান্ড উইমেন ওনড বিজনেস এন্টারপ্রাইজ (Minority and Women Owned Business Enterprise, MWBE) প্রোগ্রামের অধীনে সনদপ্রাপ্ত।

আনুমানিক 149,000-বর্গ-ফুটের এই ডেভেলপমেন্ট প্রকল্পটিতে অন্তর্ভুক্ত থাকবে:

- 125টি সাশ্রয়ী ভাড়ার ইউনিট যা এলাকার গড় আয়ের 30 শতাংশ থেকে 80 শতাংশ উপার্জনকারী পরিবারের জন্য নির্দিষ্ট; বিভিন্ন আকারের পরিবারের কথা বিবেচনা করে এতে স্টুডিও থেকে শুরু করে তিন বেডরুমের ইউনিট থাকবে,
- ফোর্ট গ্রিন কাউন্সিল (Fort Greene Council) কর্তৃক পরিচালিত 27,000-বর্গ-ফুটের আন্তঃপ্রজন্ম ভিত্তিক একটি কমিউনিটি সেন্টার যেখানে বয়োজ্যেষ্ঠদের জন্য কার্যক্রম এবং শিশু শিক্ষার প্রাথমিক ব্যবস্থা থাকবে,
- ওয়ান ব্রুকলিন হেলথ (One Brooklyn Health) কর্তৃক পরিচালিত 1,000-বর্গ-ফুটের একটি হেলথ ক্লিনিক এবং
- টেকসই ডিজাইনের সুবিধাসমূহ যার মধ্যে রয়েছে প্যাসিভ হাউজ সার্টিফিকেশন (Passive House certification), সম্পূর্ণ-বৈদ্যুতিক ব্যবস্থা এবং একটি গ্রিন রুফ।

2024-2025 সালের শরৎ ও শীতকাল জুড়ে স্থানীয় জনগণের সাথে দীর্ঘ আলোচনার মাধ্যমে যে মতামত পাওয়া গিয়েছিল, নির্বাচিত এই প্রস্তাবনাটি তারই প্রতিফলন। স্থানীয়ভাবে নির্বাচিত অফিসিয়ালদের সাথে যৌথ উদ্যোগে, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট বেশ কিছু কমিউনিটি ওয়ার্কশপের আয়োজন করেছিল, যাতে 150 জনেরও বেশি বাসিন্দা অংশ নেন। এই ওয়ার্কশপগুলো থেকে প্রাপ্ত মূল বিষয়গুলো একটি কমিউনিটি ভিশনিং রিপোর্টে তুলে ধরা হয়েছে যাতে স্বল্প আয়ের নিউ ইয়র্কবাসীদের জন্য আবাসন এবং সব বয়সের মানুষের জন্য একটি কমিউনিটি সেন্টারকে অগ্রাধিকার দেওয়া হয়েছে — যার উভয়ই নির্বাচিত প্রস্তাবটিরও প্রধান অংশ।

এই ডেভেলপমেন্টের ফলে প্রায় 350টি নির্মাণ সংশ্লিষ্ট কর্মসংস্থান সৃষ্টি হবে এবং MWBE-এর জন্য উল্লেখযোগ্য সুযোগ তৈরি হবে বলে আশা করা হচ্ছে। ডেভেলপমেন্ট টিমটি নির্মাণ কাজে 35 শতাংশের বেশি MWBE অংশগ্রহণ নিশ্চিত করার অঙ্গীকার ব্যক্ত করেছে এবং ডেভেলপমেন্টের সব ধাপে 30 শতাংশ স্থানীয়ভাবে নিয়োগের প্রতিশ্রুতি দিয়েছে।

পুনর্নির্মাণে সহায়তা করার জন্য, নিউ ইয়র্ক স্টেট অফিস অব জেনারেল সার্ভিসেস (Office of General Services) বিদ্যমান এবং দীর্ঘকাল ধরে পরিত্যক্ত অবকাঠামোটি ভেঙে ফেলার কাজ

সহজতর করবে। ESD জেনারেল প্রজেক্ট প্ল্যান (General Project Plan) অনুযায়ী প্রস্তাবিত প্রকল্পটি চূড়ান্ত করার আগে সাধারণ মানুষের মতামত গ্রহণ ও পর্যালোচনার সুযোগ দেওয়া হবে।

অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমস) বলেন, "1024 Fulton Street-এর এই নতুন ডেভেলপমেন্ট প্রকল্পটি হলো এই এলাকার দীর্ঘ প্রতীক্ষিত একটি স্বপ্নের বাস্তবায়ন। 100 ভাগ সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট, একটি হেলথ ক্লিনিক এবং কমিউনিটির জন্য নির্ধারিত জায়গাসহ এই প্রকল্পটি সমস্ত ব্রুকলিনবাসীকে, বিশেষ করে আমাদের প্রবীণদের উপকৃত করবে। কমিউনিটিকে এই প্রকল্পের অন্তর্ভুক্ত করার এবং এটিকে সফল করার ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, ফোর্ট গ্রিন কাউন্সিল এবং আমার সহকর্মীদের অঙ্গীকারের জন্য আমি তাদের প্রতি কৃতজ্ঞ।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিলের মেম্বার Crystal Hudson (ক্রিস্টাল হাডসন) বলেন, "সিটি কাউন্সিল গত বছর আটলান্টিক অ্যাভিনিউ মিক্সড ইউজ প্ল্যান (Atlantic Avenue Mixed Use Plan, AAMUP) নামক একটি জনকল্যাণমুখী এলাকা পুনর্বিন্যাসমূলক পরিকল্পনা পাস করেছে — যা সেন্ট্রাল ব্রুকলিনে স্থায়ীভাবে সাশ্রয়ী মূল্যের আবাসনের প্রতিশ্রুতি দিয়েছিল। আমি গর্বিত যে আমরা 1024 Fulton Street-এর পুনঃউন্নয়নকে AAMUP-এর অংশ হিসেবে অন্তর্ভুক্ত করতে পেরেছি এবং আমরা সেই প্রতিশ্রুতি রক্ষা করে এমন একশটিরও বেশি 100% সাশ্রয়ী মূল্যের আবাসন ইউনিট নিশ্চিত করেছি যা সেইসব পরিবারের জন্য যাদের আয় এলাকার গড় আয়ের 30% – 80%-এর মধ্যে (তিন সদস্যের পরিবারের জন্য 43,740 ডলার থেকে 116,640 ডলার)। এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের সাথে অংশীদারিত্বের মাধ্যমে এমন একটি প্রক্রিয়া সম্পন্ন করতে পেরে আমি গর্বিত যেখানে কমিউনিটির মানুষের মতামতকে প্রধান্য দেওয়া হয়েছে এবং শতভাগ অলাভজনক মালিকানা নিশ্চিত করা হয়েছে। ফোর্ট গ্রিন কাউন্সিল পরিচালিত একটি কমিউনিটি সেন্টার এবং ওয়ান ব্রুকলিন হেলথ পরিচালিত একটি হেলথ ক্লিনিকের সাথে এই সাশ্রয়ী আবাসনকে যুক্ত করার মাধ্যমে এই প্রকল্পটি দেখিয়ে দিচ্ছে যে কিভাবে দীর্ঘমেয়াদী সাশ্রয়ী আবাসন এবং পাড়া-মহল্লার মানুষের কল্যাণে বিনিয়োগ করতে হয়।"

ফিফথ অ্যাভিনিউ কমিটির নির্বাহী পরিচালক Michelle de la Uz (মিশেল দে লা উজ) বলেন, "1024 Fulton Street একটি উজ্জ্বল দৃষ্টান্ত যে — যখন কমিউনিটির উদ্দেশ্য, জননেতৃত্ব এবং লক্ষ্যনিষ্ঠ অংশীদারগণ একত্রিত হয়, তখন কী অর্জন করা সম্ভব। আমাদের অলাভজনক এবং MWBE পার্টনারদের সহযোগিতায়, ফিফথ অ্যাভিনিউ কমিটি দীর্ঘকাল অব্যবহৃত পড়ে থাকা একটি স্থানকে 125টিরও বেশি সাশ্রয়ী মূল্যের আবাস এবং প্রয়োজনীয় পরিষেবার একটি কেন্দ্রে রূপান্তরিত করছে যা প্রজন্মের পর প্রজন্ম ধরে পরিবার, বয়স্ক এবং কর্মীদের সহায়তা দিয়ে যাবে। গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-এর নেতৃত্ব এবং স্থানীয়দের অবিচল সমর্থনের কল্যাণে, 1024 Fulton Street সাম্য, সুযোগ, স্বাস্থ্য এবং কমিউনিটির জন্য একটি দীর্ঘস্থায়ী বিনিয়োগ হিসেবে দৃষ্টান্ত হয়ে থাকবে।"

বেডফোর্ড স্টুইভেস্যান্ট রিস্টোরেশনের প্রেসিডেন্ট এবং CEO Blondel Pinnock (ব্লন্ডেল পিনক) বলেন, "অব্যবহৃত অবস্থায় পড়ে থাকা একটি সম্পদকে পুনর্নির্মাণের জন্য আমাদের লক্ষ্য ও আদর্শের সাথে মিল রয়েছে এমন ডেভেলপার এবং অলাভজনক সংস্থাগুলোর সাথে অংশীদারিত্ব করতে পেরে আমরা অত্যন্ত আনন্দিত। 1024 Fulton Street 125টিরও বেশি পরিবারের জন্য আবাসনের সুযোগ নিশ্চিতের মাধ্যমে সম্পদের বৈষম্য কমাতে সাহায্য করবে।"

ওয়ান ব্রুকলিন হেলথের CEO Dr. Sandra Scott (ডা. সান্দ্রা স্কট) বলেন, "সাশ্রয়ী মূল্যের আবাসনের এই গুরুত্বপূর্ণ প্রকল্পে উন্নয়ন সহযোগী হিসেবে কাজ করতে পেরে OBH উচ্ছ্বসিত। আমরা এই কমিউনিটির নতুন এবং বর্তমান বাসিন্দাদের জন্য অতিরিক্ত স্বাস্থ্যসেবা সরঞ্জাম ও সুযোগ-সুবিধা প্রদানের বিষয়ে আশাবাদী।"

অ্যাপেক্স বিল্ডিং গ্রুপের সিইও Lee Brathwaite (লি ব্রাথওয়েট) বলেন, "ব্রুকলিনে নতুন সাশ্রয়ী মূল্যের আবাসন নিশ্চিত করতে নিউ ইয়র্ক স্টেটের প্রতিটি সম্ভাব্য হাতিয়ার ব্যবহার করার জন্য আমরা গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বের জন্য কৃতজ্ঞ। 1024 Fulton Street-এর উচ্চাভিলাষী স্বপ্ন বাস্তবায়নে একদল অসাধারণ BIPOC-পরিচালিত কমিউনিটি উন্নয়ন, আবাসন এবং স্বাস্থ্যসেবা সংশ্লিষ্ট সংস্থাগুলোকে সহায়তা করতে পেরে Apex উচ্ছ্বসিত। এই প্রকল্পটি একটি আদর্শ দৃষ্টান্ত হয়ে থাকবে যে কিভাবে আমরা আবাসন সংকট মোকাবিলায় পরিত্যক্ত সম্পত্তির সম্ভাবনাকে কাজে লাগাতে পারি এবং একই সাথে স্বাস্থ্যসেবা, শিশু যত্ন এবং বয়স্কদের কমিউনিটিতে বসবাসের জন্য উন্নতমানের সামাজিক সুবিধা নিশ্চিত করতে পারি।"

হেঞ্জ ডেভেলপমেন্ট-এর প্রিন্সিপাল Ayanna Oliver-Taylor (আয়ানা অলিভার-টেইলর) বলেন, "1024 Fulton Street একটি গুরুত্বপূর্ণ সামাজিক সম্পদ যা ক্লিনটন হিল এবং বেড-স্টাই অঞ্চলকে প্রজন্মের পর প্রজন্ম ধরে গড়ে তোলা মানুষ ও প্রতিষ্ঠানগুলোর স্বাস্থ্য, সুস্থতা এবং অর্থনৈতিক স্থিতিশীলতার ওপর গুরুত্বারোপ করে। এই মহল্লার প্রতি গভর্নর Hochul (হোকল) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রতিশ্রুতির জন্য আমরা তাদের প্রতি কৃতজ্ঞ এবং ফিফথ অ্যাভিনিউ কমিটি, বেডফোর্ড স্টুইভেস্যান্ট রিস্টোরেশন কর্পোরেশন, ওয়ান ব্রুকলিন হেলথ এবং ফোর্ট গ্রিন কাউন্সিলের নেতৃত্বে এমন একটি প্রকল্প সামনে নিয়ে আসতে পেরে আমরা গর্বিত যা এই সমাজকে কেন্দ্র করেই গড়ে উঠেছে এবং এটি এই সমাজেরই অংশ।"

ফোর্ট গ্রিন কাউন্সিল ইনক.-এর নির্বাহী পরিচালক এবং CEO Claudette Macey (ক্লডেট ম্যাসি) বলেন, "ব্রুকলিনের 1024 Fulton Street-এ দীর্ঘদিন ধরে পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকা স্টেট-মালিকানাধীন সম্পত্তিটি পুনঃউন্নয়ন করার ক্ষেত্রে গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল)-এর নেতৃত্বের জন্য আমি তাকে ধন্যবাদ জানাতে চাই। 1997 সাল থেকে অব্যবহৃত থাকা এই স্থানটি এখন গভর্নরের দূরদর্শী পরিকল্পনা ও অঙ্গীকারের ওপর ভিত্তি করে একটি জনকল্যাণমুখী উন্নয়ন কেন্দ্রে পরিণত হওয়ার জন্য প্রস্তুত। আমরা এই প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং সাশ্রয়ী আবাসনসহ বয়স্ক ও শিশুদের জন্য বিভিন্ন কর্মসূচি শুরু করার অপেক্ষায় রয়েছি।"

গভর্নর Hochul (হোকল)-এর আবাসন এজেন্ডা

গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের হাউজিং সঙ্কট সমাধান করতে এবং স্টেটকে সকল নিউ ইয়র্কবাসীদের জন্য আরো সাশ্রয়ী ও আরো বাসযোগ্য করার ব্যাপারে নিবেদিত। 2023 অর্থবছর থেকে, গভর্নর প্রায় 4 বিলিয়ন মার্কিন ডলারের লক্ষ্যনিষ্ট বিনিয়োগ এবং একটি ব্যাপক আবাসন পরিকল্পনার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধির জন্য কাজ করে আসছেন; তিনি ভাড়াটিয়া ও বাড়ির মালিকদের জন্য নতুন সুরক্ষা ব্যবস্থা কার্যকর করেছেন এবং স্টেট-মালিকানাধীন জমিতে 15,000টি পর্যন্ত নতুন বাড়ি নির্মাণের জন্য 500 মিলিয়ন মার্কিন ডলারের একটি মূলধনী তহবিল নিশ্চিত করেছেন।

গভর্নর Hochul (হোকল)-এর নেতৃত্বে, HCR নতুন কর্মসূচি তৈরি করেছে যা ভাড়াটে এবং বাড়ি ক্রেতা উভয়ের জন্যই সাশ্রয়ী ও মিশ্র-আয়ের বাড়ি নির্মাণের কাজকে গতি দেয়। এর মধ্যে রয়েছে প্রো-হাউজিং কমিউনিটি প্রোগ্রাম (Pro-Housing Community Program), যা প্রত্যয়িত স্থানীয় এলাকাগুলোকে স্টেটের বিবেচনামূলক তহবিল থেকে 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া সুবিধা পাওয়ার সুযোগ দেয়। বর্তমানে নিউ ইয়র্ক সিটিসহ 400টিরও বেশি কমিউনিটি প্রো-হাউজিং (Pro-Housing) সনদ অর্জন করেছে।

2027 সালের অর্থবছরের নির্বাহী বাজেটটি গভর্নরের বর্তমান পাঁচ বছর মেয়াদী, 25 বিলিয়ন ডলারের আবাসন পরিকল্পনাকে (Housing Plan) সম্পূর্ণ করে, যার লক্ষ্য হল স্টেটজুড়ে 100,000 সাশ্রয়ী মূল্যের বাড়ি তৈরি বা সংরক্ষণ করা, যার মধ্যে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য সহায়তা পরিষেবা সহ 10,000টি বাড়ি এবং অতিরিক্ত 50,000 বাড়িতে বিদ্যুতায়নের ব্যবস্থা অন্তর্ভুক্ত রয়েছে। এখনও পর্যন্ত 77,000টিরও অধিক আবাসন তৈরি বা সংরক্ষণ করা হয়েছে। নির্বাহী বাজেট সাশ্রয়ী মূল্যের আবাসন নির্মাণকে ত্বরান্বিত করার জন্য 250 মিলিয়ন ডলার বিনিয়োগ করছে, যাতে আরও হাজার হাজার সাশ্রয়ী মূল্যের বাড়ি দ্রুত নির্মাণ করা যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন